রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, নভেম্বর ১৯, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ/১৪ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৩৫৬-আইন/২০১৯/৫১/কাস্টমস।**—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219, section 15, 16 ও 17 ট্রেডমার্ক আইন, ২০০৯ (২০০৯ সনের ১৯ নং আইন) এর ধারা ১০৯, কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮ নং আইন) এর ধারা ৭৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা মেধাস্বত্ব বলবৎকরণ (আমদানি ও রপ্তানি) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969);

(খ) "ব্যক্তি" অর্থে কোনো কোম্পানি, সংস্থা, প্রতিষ্ঠান, অংশীদারি কারবার, একাধিক ব্যক্তির সমিতি বা সংঘ, নিবন্ধিত হউক বা না হউক, অন্তর্ভুক্ত হইবে;

(গ) "মেধাস্বত্ব" অর্থ Patent and Design Act, 1911 (Act No.II of 1911) এ সংজ্ঞায়িত পেটেন্ট ও ডিজাইন কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮ নং আইন) এ সংজ্ঞায়িত কপিরাইট, ট্রেডমার্ক আইন, ২০০৯ (২০০৯ সনের ১৯ নং আইন) এ সংজ্ঞায়িত ট্রেডমার্ক অথবা ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৪ নং আইন) এ সংজ্ঞায়িত ভৌগোলিক নির্দেশক পণ্য;

(ঘ) "মেধাস্বত সম্পর্কিত আইন" অর্থ Patent and Design Act, 1911 (Act No.II of 1911) কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮ নং আইন), ট্রেডমার্ক আইন, ২০০৯ (২০০৯ সনের ১৯ নং আইন) এবং ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৪ নং আইন);


**মূল্য ঃ** টাকা ৮.০০

(ঙ) "মেধাস্বত্ব লঙ্ঘিত পণ্য" অর্থ বাংলাদেশে অথবা বাংলাদেশের বাহিরে বলবৎ মেধাসত্ত্ব সম্পর্কিত আইন লঙ্ঘন করিয়া এবং রাইটহোল্ডার বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির সম্মতি ব্যতিত কোনো পণ্যের উৎপাদন, পুনরুৎপাদন, প্রচার বা অন্যবিধভাবে ব্যবহার; এবং

(চ) "রাইটহোল্ডার" অর্থ মেধাস্বত্ব সম্পর্কিত আইনের অধীন মেধাস্বত্বের স্বত্ত্বাধিকারী কোনো ব্যক্তি বা তাহার উত্তরাধিকারী অথবা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত লাইসেন্সি অথবা কোনো ব্যক্তি।

৩। **রাইটহোল্ডার কর্তৃক নোটিশ প্রদান।**—(১) কোনো কাস্টম হাউস, কাস্টমস স্টেশন বা কাস্টমস বন্দরে মেধাস্বত্ব লঙ্ঘনপূর্বক পণ্য আমদানি করা হইলে বা রপ্তানির উদ্দেশ্যে উপস্থাপন করা হইলে, কিংবা আমদানি বা রপ্তারি উদ্দেশ্য উপস্থাপন করা হইবে মর্মে আশঙ্কা করিলে, উক্তরূপ পণ্যের ছাড়করণ স্থগিত করিবার জন্য রাইটহোল্ডার ফরম-ক অনুযায়ী একটি লিখিত নোটিশ সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত নোটিশের সহিত চাহিত কোনো দলিল দাখিল করা না হইলে, অথবা মেধাস্বত্ব সংশ্লিষ্ট অতিরিক্ত কোনো তথ্য বা দলিলের প্রয়োজন হইলে, কমিশনার অব কাস্টমস বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তা রাইটহোল্ডার বা তাহার অনুমোদিত প্রতিনিধিকে পনের কার্যদিবসের মধ্যে চাহিত দলিল বা তথ্য দাখিলের নির্দেশ প্রদান করিতে পারিবেন :

তবে, শর্ত থাকে যে, যথাযথ কারণ প্রদর্শনপূর্বক রাইটহোল্ডার বা তাহার অনুমোদিত প্রতিনিধির আবেদনক্রমে উক্ত সময়সীমা আরো সাত কার্যদিবস বৃদ্ধি করা যাইবে।

৪। **নোটিশ নিবন্ধন।**—(১) বিধি ৩ এর অধীন নোটিশ প্রাপ্তির ত্রিশ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস, ক্ষেত্রমত, নোটিশটির নিবন্ধন করিয়া অথবা নোটিশ প্রত্যাখ্যানের বিষয়ে আবেদনকারীকে অবহিত করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো নোটিশ নিবন্ধিত হইলে, রাইটহোল্ডার বা তাঁহার অনুমোদিত প্রতিনিধি কমিশনার অব কাস্টমস কর্তৃক নির্ধারিত জামানত ও নিরাপত্তাসম্বলিত একটি বণ্ড দাখিল করিবেন যাহাতে পণ্যের আমদানিকারক বা, ক্ষেত্রমত, রপ্তানিকারক, প্রাপক বা মালিক এবং যথোপযুক্ত কর্তৃপক্ষের সকল দায়বদ্ধতা এবং প্রযোজ্য ক্ষেত্রে, খালাস স্থগিতকরণের ব্যয় এবং উক্ত পণ্য ধ্বংস বা নিষ্পত্তি করিবার পূর্ব পর্যন্ত প্রযোজ্য বিলম্ব মাশুল, আটক ব্যয় ও ধ্বংসকরণের যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকিবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন নিবন্ধিত নোটিশের মেয়াদ হইবে অনূর্ধ্ব এক বছর।

(৪) কমিশনার অব কাস্টমস উপ-বিধি (১) এর অধীন নিবন্ধিত নোটিশ সম্পর্কে অনতিবিলম্বে ডাকযোগে বা ইলেকট্রনিক মাধ্যমে অন্যান্য কাস্টম হাউস, কাস্টমস স্টেশন বা কাস্টমস বন্দরকে অবহিত করিবেন।

৫। **মেধাস্বত্ব লঙ্ঘিত পণ্যের খালাস স্থগিতকরণ।**—(১) কমিশনার অব কাস্টমস বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, স্বীয় উদ্যোগে অথবা রাইটহোল্ডার বা তাহার অনুমোদিত প্রতিনিধির আবেদনের ভিত্তিতে, যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আমদানিকৃত বা রপ্তানির উদ্দেশ্যে উপস্থাপনকৃত পণ্যটি মেধাস্বত্ব লঙ্ঘন করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত পণ্য চালানের খালাস স্থগিত করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন পন্য চালানের খালাস স্থগিত করিবার পর কমিশনার অব কাস্টমস বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্তরূপ খালাস স্থগিতকরণের কারণ উল্লেখপূর্বক অনতিবিলম্বে ডাকযোগে বা ইলেকট্রনিক মাধ্যমে আমদানিকারক বা তাহার প্রতিনিধিকে অবহিত করিবেন; এবং যুগপৎভাবে রাইটহোল্ডারকে পণ্য সংশ্লিষ্ট দাবিকৃত মেধাস্বত্বের স্বপক্ষে দলিল বা প্রমাণকসহ নোটিশ প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে উপস্থিত হওয়ার জন্য নোটিশ প্রদান করিবেন :

তবে শর্ত থাকে যে, পঁচনশীল পণ্যের ক্ষেত্রে উক্ত বিষয়ে নোটিশ প্রাপ্তির তিন কার্যদিবসের মধ্যে রাইটহোল্ডার বা তাহার প্রতিনিধিকে উক্তরূপ দলিল বা প্রমাণক উপস্থাপন করিতে হইবে :

আরো শর্ত থাকে যে, রাইটহোল্ডার যথোপযুক্ত কারণ প্রদর্শন করিলে উক্ত সময়সীমা আরো চার কার্যদিবস পর্যন্ত বৃদ্ধি করা যাইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত সময়ের মধ্যে রাইটহোল্ডার বা তাহার প্রতিনিধি সংশ্লিষ্ট দলিল বা প্রমাণকসহ উপস্থিত না হইলে কমিশনার অব কাস্টমস বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অন্যান্য বিধান প্রতিপালন সাপেক্ষে, আইনের বিধান অনুযায়ী পণ্য চালান সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) উপ-বিধি (২) এ উল্লিখিত সময়ের মধ্যে রাইটহোল্ডার বা তাহার প্রতিনিধি কর্তৃক উপস্থাপিত দলিল বা প্রমাণকের ভিত্তিতে কমিশনার অব কাস্টমস বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আমদানিকৃত বা রপ্তানির উদ্দেশ্যে উপস্থাপনকৃত পণ্য চালানটি মেধাস্বত্ব লঙ্ঘন করিয়াছে, তাহা হইলে তিনি পণ্যচালানটি আইনের ধারা ১৭ অনুযায়ী আটক করিবেন এবং বিধি ৯ এ উল্লিখিত পদ্ধতি অনুসরণ করিয়া উহার নিষ্পত্তি করিবেন।

(৫) উপ-বিধি (২) এ উল্লিখিত সময়ের মধ্যে রাইটহোল্ডার বা তাহার প্রতিনিধি কর্তৃক উপস্থাপিত দলিল বা প্রমাণকের ভিত্তিতে কমিশনার অব কাস্টমস বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আমদানিকৃত বা রপ্তানির উদ্দেশ্যে উপস্থাপনকৃত পণ্য চালানটি মেধাস্বত্ব লঙ্ঘন করে নাই, তাহা হইলে তিনি পণ্য চালানটি অনধিক চব্বিশ ঘন্টার মধ্যে ছাড় প্রদান করিবেন।

৬। **রাইটহোল্ডার কর্তৃক পণ্য পরীক্ষা**।—রাইটহোল্ডার বা তাহার প্রতিনিধি, অথবা আমদানিকারক বা তাহার প্রতিনিধি, তথ্যের গোপনীয়তা ক্ষুণ্ন না করিবার শর্তে, কমিশনার অব কাস্টমস বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তার নিকট আবেদন করিয়া খালাস স্থগিতকৃত পণ্য চালানটি পরীক্ষা করিতে বা উহা হইতে নমুনা সংগ্রহ করিতে পারিবেন।

৭। **রাইটহোল্ডারকে তথ্য সরবরাহকরণ**।—রাইটহোল্ডারের আবেদনের প্রেক্ষিতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত সহকারী কমিশনারের নিম্নে নহেন এইরূপ কর্মকর্তা সংশ্লিষ্ট পণ্যচালান বিষয়ে, তথ্য অধিকার আইন, ২০০৯ (২০০৯ সনের ২০ নং আইন) এর বিধান সাপেক্ষে, রাইটহোল্ডারকে তথ্য সরবরাহ করিতে পারিবেন।

৮। **আমদানিকারক বা রপ্তানিকারককে তথ্য সরবরাহ**।—আমদানিকারক বা রপ্তানিকারকের আবেদনের প্রেক্ষিতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত সহকারী কমিশনারের নিম্নে নহেন এইরূপ কর্মকর্তা রাইটহোল্ডার কর্তৃক সরবরাহকৃত মেধাস্বত্ব প্রমাণক সংশ্লিষ্ট তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ (২০০৯ সনের ২০ নং আইন) এর বিধান সাপেক্ষে, আমদানিকারককে সরবরাহ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, রাইটহোল্ডার কর্তৃক 'বাণিজ্য গোপণীয়' হিসেবে চিহ্নিত কোনো তথ্য প্রদান করা যাইবে না।

৯। **মেধাস্বত্ব লঙ্ঘিত পণ্যের নিষ্পত্তি**।—(১) বিধি ৫ এর উপ-বিধি (৪) এর অধীন কোনো পণ্যচালান মেধাস্বত্ব লঙ্ঘন করিয়াছে বলিয়া সিদ্ধান্ত গৃহীত হইলে এবং উক্ত বিষয়ে কোনো মামলা বিচারাধীন না থাকিলে, রাইটহোল্ডারের সম্মতি সাপেক্ষে, সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক উক্তরূপ পণ্য ধ্বংস করা যাইবে।

(২) মেধাস্বত্ব লঙ্ঘিত পণ্য নিষ্পত্তি করিবার পূর্ব পর্যন্ত প্রযোজ্য বিলম্ব মাশুল, আটক ব্যয় এবং ধ্বংসকরণের যাবতীয় ব্যয়, মেধাস্বত্ব লঙ্ঘনকারী আমদানিকারক বা রপ্তানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

(৩) আটক ও বাজেয়াপ্তকৃত মেধাস্বত্ব লঙ্ঘিত পণ্য রপ্তানিকারক দেশে ফেরৎ প্রদান করা যাইবে না।

১০। **অপ্রযোজ্যতা**।—যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১৬ বা Tourists Baggage (Import) Rules, 1981 এর আওতায় আমদানিকৃত পণ্য অথবা নমুনা হিসাবে আমদানিকৃত পণ্য, যাহা বাণিজ্যিকভাবে ব্যবহৃত হইবে না, উহার জন্য এই বিধিমালা প্রযোজ্য হইবে না।

**ফরম-ক**

**[বিধি ৩ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]**

**রাইটহোল্ডার কর্তৃক দাখিলকৃত নোটিশ**

১। রাইটহোল্ডার এর নাম :

২। রাইটহোল্ডার এর যোগাযোগের ঠিকানা :

(ক) দাপ্তরিক :

(খ) আবাসিক :

(গ) ই-মেইল :

৩। রাইটহোল্ডার এর টেলিফোন ও মোবাইল নম্বর :

৪। রাইটহোল্ডারের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম ও যোগাযোগের ঠিকানা (ক্ষমতাপ্রাপ্ত পত্রের কপি সংযুক্ত করিতে হইবে) :

৫। মেধাস্বত্বের মালিকানার প্রমাণক (প্রযোজ্য সকল দলিলাদি দাখিল করিতে হইবে) :

৬। মেধাস্বত্ব কার্যকর হইবার তারিখ ও মেয়াদের প্রমাণক :

৭। মেধাস্বত্ব লঙ্ঘিত পণ্যচালান খালাস স্থগিতকরণের পক্ষে যুক্তি সংবলিত বিবৃতি :

৮। নির্দিষ্ট পণ্যচালানের ক্ষেত্রে চালানের বিস্তারিত তথ্য সংবলিত বিবৃতি :

৯। প্রকৃত পণ্যের বিস্তারিত বর্ণনা (এইচ, এস, কোড, নমুনা, ছবিসহ) :

১০। সংশ্লিষ্ট কাস্টম হাউস/কাস্টমস স্টেশন/কাস্টমস বন্দরের নাম :

১১। আবেদন ফি বাবদ পাঁচ হাজার টাকা জমাদানের রশিদ :

আমি/আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত সকল তথ্য ও সংযুক্ত দলিলাদি সঠিক ও যথাযথ।

রাইটহোল্ডার/তাহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির স্বাক্ষর

নাম :
পদবি :
দাপ্তরিক সীল :
স্থান : তারিখ :

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd